গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

# মেলান্দহ সরকারি কলেজ

মেলান্দহ, জামালপুর।

ওয়েব : www.mgc.gov.bd, ই-মেইল : govt.melandahcollege@gmail.com

EIIN No-110150, ময়মনসিংহ বোর্ডের কোড : ৮৯৫০, জাতীয় বিশ্বঃ কোড : ৫০০৩ মোবাইল নং- ০১৩০৯১১০১৫০

স্মারক নং- মে:স:ক:/২০২১/ তারিখ : ১৬/০৬/২০২১খ্রি.।

## নোটিশ

এতদ্বারা অত্র কলেজের এইচ.এস.সি- ২০২২ সালের পরীক্ষার্থীদের (২০২০-২১ শিক্ষাবর্ষ) অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষামন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক বিষয়ভিত্তিক এ্যাসাইনমেন্ট কার্যক্রমের অংশ হিসেবে আগামী ২৩/০৬/২০২১খ্রি. তারিখের মধ্যে বাংলা, পৌরনীতি ও সুশাসন, অর্থনীতি, যুক্তিবিদ্যা, **হিসাববিজ্ঞান এবং পদার্থবিজ্ঞান ১ম পত্রের** নিম্নোক্ত বিষয়বস্তুর উপর স্ব-স্ব বিভাগের শিক্ষকের কাছে স্বাস্থ্যবিধি মেনে স্বশরীরে কলেজে এসে এ্যাসাইনমেন্ট জমা দেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

**এ্যাসাইনমেন্টের বিষয়বস্তু :**

**বাংলা ১ম পত্র**

| | |
|---|---|
| এ্যাসাইনমেন্ট | ‘অপরিচিতা’ গল্প এবং বাস্তব দৃষ্টান্তের ভিত্তিতে নারীর এগিয়ে চলার পথে সহায়ক ভূমিকা চিহ্নিতকরণ। |
| নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | ১. ‘অপরিচিতা’ গল্প অনুসরণের কল্যাণীর সংকট এবং এ থেকে বেরিয়ে আসার জন্য তার দৃঢ়চেতা মনোভাবের পরিচয়।<br>২. অনুপম এবং অন্যদের ভূমিকা ইতিবাচক হলে কল্যাণীর জীবন কেমন হতে পারত, এর বিবরণ।<br>৩. বাস্তব অভিজ্ঞতা থেকে চেনা/জানা কোনো নারীর এগিয়ে চলার পথে প্রতিবন্ধকতাগুলো নির্দিষ্টভাবে চিহ্নিত করা।<br>৪. পঠিত গল্প ও চেনা/জানা ঘটনার পরিপ্রেক্ষিতে নারীর এগিয়ে চলার পথে সহায়ক ভূমিকাগুলো চিহ্নিত করা।<br>৫. শব্দপ্রয়োগ, বাক্যগঠন, বানান, বিরামচিহ্ন যথাযথ রাখা। |

**পৌরনীতি ও সুশাসন ১ম পত্র :**

| | |
|---|---|
| এ্যাসাইনমেন্ট | নাগরিক সভ্যতার ক্রমবিকাশের পৌরনীতি ও সুশাসনের ধারণা বিশ্লেষণপূর্বক একটি নিবন্ধ রচনা কর। |
| নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | ১. পৌরনীতি ও সুশাসনের ধারণা ও পরিধি।<br>২. সুশাসনের বৈশিষ্ট্য।<br>৩. পৌরনীতি ও সুশাসনের ক্রমবিকাশ। |

**অর্থনীতি ১ম পত্র :**

| | |
|---|---|
| এ্যাসাইনমেন্ট | হাওর এলাকার কৃষক সালামত সাহেবের এক খন্ড জমিতে ধান ও গম উৎপাদনের ক্ষেত্রে নিম্নরূপ বিকল্প সম্ভাবনা অনুসৃত হয়েছে। যেমন : ধান উৎপাদন যখন ১৬, ১০ ও ০ মন হয় তখন গম উৎপাদন হয় যথাক্রমে ০,১০ ও ১৬ মন। প্রাপ্ত তথ্যের আলোকে উৎপাদন সম্ভাবনা রেখার অর্থনৈতিক তাৎপর্য বিশ্লেষণ। |
| নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | ১. উৎপাদন সম্ভাবনা রেখা এর ধারণা।<br>২. উৎপাদন সম্ভাবনা রেখা এর চিত্রাঙ্কন।<br>৩. অ-অর্জনযোগ্য, পূর্ণনিয়োগ ও সম্পদের অপূর্ণ ব্যবহার।<br>৪. শিল্প প্রধান এবং কৃষি প্রধান অর্থনীতির ক্ষেত্রে উৎপাদন সম্ভাবনা রেখা। |


**যুক্তিবিদ্যা ১ম পত্র :**

| | |
|---|---|
| এ্যাসাইনমেন্ট | যুক্তিবিদ্যার ধারণায় এর পরিধি পাওয়া যায়- পর্যালোচনা কর। |
| নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | ১. যুক্তিবিদ্যার উৎপত্তি।<br>২. যুক্তিবিদ্যার ধারণা-<br>* এরিস্টটল<br>* জে.এস.মিল<br>* যোসেফ<br>* আই.এম.কপি<br>৩. যুক্তিবিদ্যার স্বরূপ।<br>৪. যুক্তিবিদ্যার পরিসর। |

**হিসাববিজ্ঞান ১ম পত্র**

| | |
|---|---|
| এ্যাসাইনমেন্ট | হিসাবচক্রের ধাপ অনুসরণ করে লেনদেন চিহ্নিতকরণ, লিপিবদ্ধকরণ, হিসাবের বই প্রস্তুতকরণ এবং হিসাব সমীকরণে প্রভাব প্রদর্শন :<br><br>গৌতম এন্টারপ্রাইজ এর ৩১ জানুয়ারি ২০২১ সালের হিসাব উদ্বৃত্তগুলো নিম্নরূপ ছিল :<br>নগদ ৮০,০০০ টাকা, অফিস সরঞ্জাম ৩০,০০০ টাকা, দেনাদার ৪০,০০০ টাকা ও পাওনাদার ৪৫,০০০ টাকা। ফেব্রুয়ারি মাসে তার ব্যবসায়ে সংঘটিত ঘটনাগুলো নিম্নরূপ :<br>২০২১<br>ফেব্রু ১ : দক্ষ ম্যানেজার ২০,০০০ টাকা বেতনে যোগদান করেন।<br>" ৫ : ১৩% প্রদেয় নোটে স্বীকৃতিদানের মাধ্যমে ব্যাংক থেকে ঋণ গ্রহণ ৫০,০০০ টাকা।<br>" ৬ : তিন মাসের শো-রুম ভাড়া অগ্রিম প্রদান করা হলো ১৫,০০০ টাকা।<br>" ১২: ইনস্যুরেন্স প্রিমিয়াম পরিশোধ করা হলো ১,২০০ টাকা।<br>" ১৪: ১,০০,০০০ টাকার অফিস সরঞ্জাম ক্রয়ের জন্য চুক্তি স্বাক্ষর করলেন।<br>" ১৬: ৩% কারবারি বাট্টায় পণ্য বিক্রয় করা হলো ১,২০,০০০ টাকা (নগদে ৬০%, ধারে ৪০%)।<br>" ১৮: মালিক কর্তৃক নগদ উত্তোলন করা হলো ৩০,০০০ টাকা।<br>" ২০: একজন দেনাদারের নিকট থেকে ৩০,০০০ টাকা পাওয়া গেল।<br>" ২২: প্রাপ্য বিলের মাধ্যমে পণ্য বিক্রয় করা হলো ৫,০০০ টাকা।<br>" ২৫: মালিকের বড় মেয়ের জীবন বিমার প্রিমিয়াম বাবদ পরিশোধ করা হলো ১০,০০০ টাকা।<br>" ২৮: অগ্রিম প্রদত্ত ভাড়ার ০১ মাস অতিক্রান্ত হয়েছে।<br>ক. ৫, ৬, ১৬, ২৮ তারিখের লেনদেনগুলো হিসাব সমীকরণে প্রভাব দেখাও।<br>খ. ১২, ১৮, ২২, ২৫ তারিখের লেনদেনগুলো গৌতম এন্টারপ্রাইজ এর হিসাব বইতে লিপিবদ্ধ করো। (ব্যাখ্যা ব্যতীত)<br>গ. সংশ্লিষ্ট খতিয়ান হিসাব প্রস্তুত করো।<br>ঘ. হিসাবচক্র (চিত্রসহ)। |
| নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | ক) লেনদেন চিহ্নিতকরণ ও প্রারম্ভিক উদ্বৃত্তসহ (ট্যেবুলার ছক) অন্তর্ভূক্ত করতে হবে।<br>খ) হিসাবের শ্রেণিবিভাগ ও ডেবিট-ক্রেডিট নির্ণয় করতে হবে।<br>গ) চলমান জের ছক অনুসরণ করতে হবে।<br>ঘ) ১ম-৫ম ধাপ পর্যন্ত ব্যাখ্যা করো। |

**পদার্থবিজ্ঞান ১ম পত্র :**

| | |
|---|---|
| এ্যাসাইনমেন্ট | <br><br>Fig-1<br>তুমি $20ms^{-1}$ বেগে একদম খাড়াভাবে একটি 400 gm ভরের ক্রিকেট বল উপরের দিকে ছুড়ে মারলে।<br>(ক) বলটির বেগ বনাম সময়ের গ্রাফ আঁকো।<br>(খ) গতিপথে সর্বোচ্চ বিন্দুতে বলটির বেগ কত।<br>(গ) ঐ বিন্দুতে ত্বরণ কত?<br>(ঘ) ঐখানে ক্রিকেট বলটির উপর ক্রিয়ারত মোট বল কত?<br>(ঙ) Fig-1 এ 1.5 kg ভরটি একটি টেবিলের উপর স্থির অবস্থানে আছে। 2 ভরের আরেকটি ভর একটি অসম্প্রসারণশীল সূতা দিয়ে ঝোলানো হলো। টেবিল ও 1.5 kg ভরের মাঝে ঘর্ষণ ঘুণাঙ্ক 0.2<br>(১) ভরদ্বয়ের ত্বরণ কত? সুতাটি অসম্প্রসারণশীল না হলে তোমার উত্তরের কী পরিবর্তন হতো?<br>(২) সূতার টানা কত?<br>(৩) 2 kg ভরের সরণ বনাম সময় গ্রাফ আঁকো? |
| নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | গতিবিদ্যা ও নিউটনিয়ান বলবিদ্যা |

**এ্যাসাইনমেন্ট তৈরীর জন্য নির্দেশনা :**

১। এ্যাসাইনমেন্টের প্রথম পৃষ্ঠায় শিক্ষার্থীর নাম, শ্রেণি, রোল, বিষয় ও এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের শিরোনাম স্পষ্টভাবে লিখতে হবে।

২। অবশ্যই A4 সাইজের সাদা কাগজে লিখতে হবে।

৩। প্রতিটি কাগজের প্রথম পৃষ্ঠায় লিখতে হবে (উভয় পৃষ্ঠায় নয়)।

৪। সর্বনিম্ন ০৩ (তিন) এবং সর্বোচ্চ ১০ (দশ) পৃষ্ঠার মধ্যে এ্যাসাইনমেন্ট লেখা শেষ করতে হবে।

৫। শিক্ষকের নির্দেশনার জন্য প্রতিটি পৃষ্ঠার উপরে ও বাম পার্শ্বে ১.৫ ইঞ্চি ( দেড় ইঞ্চি) মার্জিন অবশ্যই রাখতে হবে।

নির্দেশনায়

আহ্বায়ক
এ্যাসাইনমেন্ট কার্যক্রম বিষয়ক কমিটি
মেলান্দহ সরকারি কলেজ
মেলান্দহ, জামালপুর।